# স্তিফান - এক আত্মায় পূর্ণ মানুষ

## পবিত্র আত্মাকে আমাদের পরিবর্তিত করতে এবং পথ নির্দেশ করতে দিন।

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ণ H5b পাঠ করা উচিৎ।



**প্রার্থনা ঃ** পবিত্র আত্মার কাছে আপনার মনকে নবায়িত করতে এবং আপনাকে আরও খ্রীষ্টের অনুরূপ করতে যাচ্ঞা করুন।

**পটভূমি ঃ** যীশু যোহন ১৪ - ১৬ পদে বলেছিলেন যে তিনি স্বর্গে ফিরে যাবেন। এবং তাঁর স্থান গ্রহণ করার জন্য তিনি আরেক সহায় পাঠাবেন। যীশুর মত পবিত্র আত্মার কোন জাগতিক দেহ নেই। পবিত্র আত্মা আমাদের মধ্যে বাস করেন (১ করি ৬ঃ১৯ এবং যোহন ১৪ঃ১৬)। তিনি কোথায়? আপনার মধ্যে! তিনি আপনাকে পরিচালিত করেন। আপনি যখন অন্যদের শিক্ষা দেন, তখন তিনি আপনাকে সাহায্য করেন। তিনি আপনাকে দেখান কোন্‌টা ঠিক এবং কোন্‌টা ভুল (যোহন ১৬ঃ৮-১৩)।

**১. পবিত্র আত্মাকে আমাদের মধ্যে কাজ করতে দেওয়ার বিষয়ে স্তিফানের কাছ থেকে শিখুন।**

**প্রেরিত ৬ঃ১-৭ পদ থেকে খুঁজে দেখুন,** যিরূশালেমের উপাসক মণ্ডলীতে স্তিফানকে কি কাজ করতে হোত।

**প্রেরিত ৬ঃ৩ পদ থেকে খুঁজে দেখুন,** এই কাজের জন্য তারা কি ধরণের লোকদের পছন্দ করেছিলেন।

**প্রেরিত ৬ঃ৮-১৬ পদ থেকে খুঁজে দেখুন,** কি ধরণের লোকেরা স্তিফানের বিরুদ্ধে সাক্ষ্য দিয়েছিলেন।

স্তিফানের প্রচারে ইস্রায়েলের ইতিহাসের প্রবাহের বিষয়টি অনুসরণ করুণ, **প্রেরিত ৭ অধ্যায়।**

**প্রেরিত ৭ঃ৫৭-৫৯ পদ থেকে খুঁজে দেখুন,** স্তিফানের কথায় নেতৃবর্গ কি প্রতিক্রিয়া দেখিয়ে ছিলেন।

**প্রেরিত ৭ঃ৬০ পদ থেকে খুঁজে দেখুন,** তাদের ক্রোধ এবং হিংস্রতার প্রতি স্তিফান কিভাবে সাড়া দিয়েছিলেন।

**আটটি বিষয় খুঁজে দেখুন,** যা যারা খ্রীষ্টে বিশ্বাস করেন পবিত্র আত্মা তাদের জন্য করেন।

১) **যোহন ১৪ঃ২৬,** তিনি কিভাবে আমাদের বুঝতে সাহায্য করেন।

২) **যোহন ১৬ঃ৮,** আমাদের নিজেদের বিষয়ে তিনি আমাদের কি প্রদর্শন করেন।

৩) **প্রেরিত১ঃ৮,** তিনি আমাদের কি করার জন্য শক্তি দিয়েছিলেন।

৪) **রোমীয় ৮ঃ১১-১৪,** তিনি আমাদের জন্য কি করেন।

৫) **রোমীয় ৮ঃ১৫-১৭,** তিনি কি বিষয়ে আমাদের নিশ্চয়তা দেন।

৬) **ইফিষীয় ১ঃ১৩-১৪,** কিভাবে তিনি আমাদের অনন্ত পরিত্রানের দায়িত্ব গ্রহণ করেছেন।

৭) **১ করি ১২ঃ১-১৩,** তিনি কোথায় আমাদের চিরকালের জন্য স্থান দিয়েছেন।

(উত্তর ঃ

১) পবিত্র আত্মা আমাদের সমস্ত শিক্ষা দেন। (আমাদের মনক আলোকিত করেন)

২) তিনি আমাদের পাপের বিষয়ে আমাদের সচেতন করেন।

৩) তিনি আমাদের খ্রীষ্টের জন্য কার্যকরীরূপে সাক্ষ্যদানের জন্য শক্তি দেন।

৪) তিনি আমাদের নূতন, পবিত্র জীবন দেন (নূতনজন্ম, ঈশ্বর নূতন পবিত্র জীবন দান করেন)।

৫) তিনি আমাদের আশ্বাস দেন যে আমরা ঈশ্বরের সন্তান এবং খ্রীষ্টের সঙ্গে স্বর্গীয় সমৃদ্ধির সহদায়াদ।

৬) তিনি আমাদের মুদ্রাঙ্কিত করেছেন, আমাদের স্বর্গীয় উত্তরাধিকারের নিশ্চয়তা দিয়েছেন।

৭) তিনি আমাদের খ্রীষ্টের সার্বজনীন দেহে বাপ্তিস্ম দিয়েছেন।)

**২. পরবর্তী সপ্তাহে বিশ্বাসীরা কি করবেন সেই বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন ঃ**

- যে বিশ্বাসীরা পবিত্র আত্মা গ্রহণের বিষয় এখন নিশ্চিত হন নি, তাদের সঙ্গে সাক্ষাৎ করুণ। তাদের জন্য প্রার্থনা করুন এবং তাদেরপবিত্র আত্মা গ্রহণের জন্য প্রার্থনা করতে বলুন।
- যদি কোন ব্যক্তি এখনও পবিত্র আত্মার কাজের বিষয় বুঝতে না পারেন, তবে তাদের কাছে উপরের তালিকায় উল্লেখিত আমাদের জন্য পবিত্র আত্মার কাজের বিষয়গুলো সবিস্তারে ব্যাখ্যা করুন।

**৩. আসন্ন আরাধনার সময়ের জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন ঃ**

প্রয়োজন এবং স্থানীয় রীতির সঙ্গে মানানসই কার্যকলাপ পছন্দ করুন।

**প্রার্থনা ঃ** আমাদের রূপান্তরিত করার জন্য এবং আমাদের বিশ্বস্ততা দান করার জন্য আরাধনার সময় পবিত্র আত্মার জন্য প্রার্থনা করুণ।


**প্রশংসা ঃ** গত সপ্তাহের বিজয়গুলোর জন্য এবং লোকেরা যে আরোগ্য লাভ করেছেন তার জন্য ঈশ্বরের প্রশংসা করুন।

**কথা বলা অথবা গান করা ঃ** পবিত্র আত্মার ফলের বিষয় কথা বলুন। অথবা গান করুন। কোন একজন সৃজনশীল ব্যক্তিকে পবিত্রতার নয়টি উৎকর্ষতার বিষয়ে কবিতা লিখতে বলুন যা পবিত্র আত্মা আমাদের মধ্যে উৎপন্ন করে। এই বিষয়গুলো গালাতীয় ৫ঃ২২-২৩ পদে তালিকা ভুক্ত করা হয়েছে। ইহা এমনভাবে সুসজ্জিত করতে হবে এবং সুর দিতে হবে যাতে বিশ্বাসীরা গান করতে পারেন।

**স্তিফানের গল্পটি বলুন ঃ** শিশুরা পরে ইহা নাটক করবে।

প্রেরিত ৬ এবং ৭ অধ্যায়ে আপনি যা খুঁজে পেয়েছেন (ভাগ ১) সেই বিষয়ে বিশ্বাসীদের প্রশ্ন জিজ্ঞাসা করুন।

**ব্যাখ্যা প্রদর্শন করে দেখান ঃ** পবিত্র আত্মা কিভাবে আমাদের হৃদয় পরিবর্তিত করেন। দুজন প্রাপ্ত বয়স্ক ব্যক্তিকে অন্বেষী এবং দ্বাররক্ষীর ভূমিকায় অংশটি অভিনয় করতে বলুন। অন্বেষী তাঁর সার্টের সামনে একটি সাপের ছবি আটকিয়ে রাখবে। (ছবিটি নকল করুন এবং কাগজটি হৃৎপিণ্ডের আকারে কাটুন।)



**দ্বাররক্ষী ঃ** (পাশে দাঁড়িয়ে উচ্চস্বরে কথা বলবে)

**অন্বেষী ঃ** দ্বাররক্ষীর দিকে হেঁটে যাবেন। প্রত্যেককে সাপটি ভাল করে দেখতে দেবেন। তারপর উচ্চস্বরে বলবেন, ''দ্বাররক্ষী মহাশয়, আমাকে দয়া করে স্বর্গরাজ্যে প্রবেশ করতে দিন।''

**দ্বাররক্ষী ঃ** ''অন্বেষী মহাশয়, আপনি আপনার হৃদয়ে এই মন্দ জিনিসটা নিয়ে এখানে আসতে পারেন না।''

**অন্বেষী ঃ** ''কিন্তু কিভাবে আমি আমার হৃদয় থেকে পাপ বের করে দিতে পারি?''

**দ্বাররক্ষী ঃ** (উচ্চস্বরে ১ যোহন ১ঃ৭-৯ পদ পাঠ করবেন।)

**অন্বেষী ঃ** ''আমি আমার পাপ স্বীকার করছি এবং যীশুর কাছে আমার পাপের ক্ষমা যাজ্রা করছি।'' (সাপটিকে দেখাবে)। ''কিন্তু কিভাবে আমি আমার হৃদয়ের অভ্যন্তরের এই বিভৎস জিনিসটাকে সরিয়ে দিতে পারি?''

**দ্বাররক্ষী ঃ** আপনার পাপ ক্ষমা হলেও, যতক্ষণ আপনার মধ্যে সেই প্রাচীন সর্প শয়তানকে অনুসরণ করার সঙ্কল্প থাকবে, ততক্ষণ আপনি স্বর্গে প্রবেশ করতে পারবেন না। স্বর্গে ঈশ্বর এমনকি মন্দ চিন্তাকেও অনুমোদন করবেন না। আপনাকে অবশ্যই পবিত্র আত্মাকে আপনার হৃদয়কে পরিবর্তিত করতে দিতে হবে।'' (গালা ৫ঃ১৬-২৪ পাঠকরুন)।

**অন্বেষী ঃ** ''দ্বাররক্ষী মহাশয়, আমি যীশুকে তাঁর রক্ত দ্বারা আমার পাপ ধৌত করতে বলেছি। পবিত্র আত্মা এখন আমার পাপপূর্ণ প্রকৃতিকে ক্রুশবিদ্ধ করে আমার মধ্যে প্রেম ও মঙ্গলভাব উৎপন্ন করতে সাহায্য করছেন।'' (সাপের ছবিটা ছুঁড়ে ফেলে দেবেন।)

**দ্বাররক্ষী ঃ** ''স্বর্গরাজ্যে প্রবেশ করুন।''

**মুখস্ত পদ ঃ** যোহন ১৪ঃ১৫-১৬ পদটি এক সঙ্গে মুখস্থ করুন।

শিশুদের স্তিফানের বিষয়ে নাটকটি উপস্থাপন করতে এবং প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে বলুন।

পবিত্র আত্মা আমাদের জন্য যে আটটি বিষয় করেন সেই তালিকাটি নিয়ে আলোচনা করুন (ভাগ ১ থেকে)।

পবিত্র আত্মার সঙ্গে যীশুর পরিচিতির রহস্যের বিষয়টি ব্যাখ্যা করুন। যোহন ১৪ঃ১৫-১৭ পদ পাঠ করুন।

- যীশু তাদের বলেছিলেন যে তিনি তাদের একাকী ছেড়ে যাবেন না। তিনি সান্ত্বনাদাতা প্রেরণ করবেন।
- যীশু প্রতিজ্ঞা করেছিলেন, ''আমি তোমাদের অসহায়ভাবে পরিত্যাগ করব না ঃ আমি তোমাদের কাছে আসব।'' (যোহন ১৪ঃ১৮)।
- যোহন ১৬ঃ১৩-১৫ পদ পাঠ করুন। যীশু বলেছিলেন, ''আমি এবং পিতা এক'' (যোহন ১০ঃ৩০) তিনি আরও বলতে পারেন, ''আমি এবং পবিত্র আত্মা এক।'' পিতা ঈশ্বর, পুত্র ঈশ্বর এবং পবিত্র আত্মা ঈশ্বর ভিন্ন ব্যক্তি হলেও তারা ত্রিত্বে এক ঈশ্বর ঐক্যবদ্ধ ছিলেন।

**প্রভুর ভোজের বিষয়টি প্রবর্তনের জন্য ঃ** পুরাতন নিয়মের যাজকগণ সমাগম তাঁবুতে ঈশ্বরের সম্মুখে ঈশ্বরের ভোজের উপস্থিতিতে কিভাবে পবিত্র রুটী বিতরণ করতেন তা ব্যাখা করুন (যাত্রা ২৫ঃ৩০)। এখনও আমরা ঈশ্বরের উপস্থিতিতে রুটি গ্রহণ করব এবং স্বর্গেও আমরা ''মেষশাবকের বিবাহভোজে'' আবার ইহা করব।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net